APA 2021-22 অর্থ বছরের ১ম সভার কার্যবিবরণী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.ntrca.gov.bd

| | |
|---|---|
| সভাপতি | মোঃ এনামুল কাদের খান<br>চেয়ারম্যান |
| সভার তারিখ | ১২ আগস্ট ২০২১ |
| সভার সময় | দুপুর ১২.০০ টা |
| স্থান | এনটিআরসিএ-এর সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

বিষয় : ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) বাস্তবায়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি ২০২১-২২ অর্থবছরের APA বাস্তবায়নের লক্ষ্যে গৃহীত কর্মপরিকল্পনা আলোচনার জন্য উপপরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান)-কে অনুরোধ জানান। উপপরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান) এনটিআরসিএ এর রূপকল্প, অভিলক্ষ্য ও কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলী সভায় উপস্থাপন করেন।

সভায় এনটিআরসিএ'র ২০২১-২২ অর্থ বছরের সম্পাদিত চুক্তি অনুযায়ী কর্মসম্পাদন পরিকল্পনা (সেকশন-৩) নিয়ে আলোচনা করা হয়, এর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র: নং | কার্যক্রম | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১. | শিক্ষক নিবন্ধন পরীক্ষার বিজ্ঞপ্তি প্রকাশ ও প্রার্থীদের নিকট হতে Online এ আবেদন গ্রহণ | সভায় সদস্য শি শি জানান ১৭ তম নিবন্ধন পরীক্ষার বিজ্ঞপ্তি গত ২০২০ সালে প্রকাশ করা হয়েছিলো। ইতোমধ্যে শিক্ষা মন্ত্রণালয় থেকে সহকারী শিক্ষক (গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান) এবং গ্রন্থাগার প্রভাষক পদ | শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ করা সম্ভব হয়নি।<br>শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নব সৃজিত ২টি পদ সহকারী শিক্ষক (গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান) এবং গ্রন্থাগার প্রভাষক পদে নিয়োগের জন্য ১৭ তম শিক্ষক |

| | | | |
|---|---|---|---|
| | | সৃজন করা হয়েছে এবং তাদেরকে ১৭তম নিবন্ধন পরীক্ষায় অন্তর্ভুক্ত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। সে প্রেক্ষিতে সংশোধিত আকারে বিজ্ঞপ্তি পুনরায় প্রকাশের বিষয়ে আলোচনা হয়। | নিবন্ধন পরীক্ষায় অন্তর্ভুক্তির নির্দেশনা থাকায় সংশোধিত গণবিজ্ঞপ্তি জারি করা হবে। |
| ২. | প্রিলিমিনারি পরীক্ষা গ্রহণ এবং ফলাফল প্রকাশ। লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ | ৩য় চক্রের নিয়োগ সুপারিশ কার্যক্রম সমাপ্তির পর ১৭তম নিবন্ধন পরীক্ষা আবেদনকারীদের প্রিলিমিনারি পরীক্ষা গ্রহণ ও ফলাফল প্রকাশ, লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ ও ফলাফল প্রকাশের বিষয়ে আলোচনা হয়। | ৩য় চক্রের নিয়োগ সুপারিশ কার্যক্রম সমাপ্তির পর বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান হতে অনলাইনে শূন্য পদের চাহিদা গ্রহণ করে নিবন্ধন পরীক্ষাসমূহ গ্রহণ ও ফলাফল প্রকাশ করা হবে। |
| ৩. | বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান সমূহে শিক্ষকদের শূন্য পদের জেলা অনুযায়ী বাৎসরিক হিসাব সংগ্রহ এবং ওয়েবসাইটে প্রকাশ | ২০১৫ সালে শিক্ষা মন্ত্রণালয় হতে জারিকৃত পরিপত্রের নির্দেশনা অনুযায়ী শিক্ষকদের শূন্য পদের জেলা অনুযায়ী বাৎসরিক তালিকা সংগ্রহের বিষয়ে আলোচনা হয়। | ২০১৫ সালে শিক্ষা মন্ত্রণালয় হতে জারিকৃত পরিপত্রের নির্দেশনা অনুসরণ করে শূন্য পদের জেলা অনুযায়ী বাৎসরিক তালিকা সংগ্রহ করতে হবে। এজন্য জেলা শিক্ষা অফিসারদের পত্র দিতে হবে, তালিকা পাওয়ার পর ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। |
| ৪. | শিক্ষা প্রতিষ্ঠান হতে শূন্য পদে নিয়োগের জন্য অধিযাচন গ্রহণ ও তা অনলাইনে প্রকাশ, সুপারিশ যোগ্যদের তালিকা প্রণয়ন, নিয়োগ সুপারিশ প্রদান | ৩য় নিয়োগ চক্রের নিয়োগ সুপারিশের পদ অনলাইনে আবেদন গ্রহণ ও অনলাইনে প্রকাশের বিষয়ে সুপারিশ যোগ্যদের তালিকা প্রণয়ন, নিয়োগ সুপারিশ প্রদানের বিষয়ে আলোচনা করা হয়। | ৩য় নিয়োগ চক্রের নিয়োগ সুপারিশ প্রদানের পর অনলাইনে অধিযাচন গ্রহণ ও অনলাইনে প্রকাশ করা হবে। এরপরে সুপারিশ যোগ্যদের তালিকা প্রণয়ন, নিয়োগ সুপারিশ ইত্যাদি ধাপে ধাপে সম্পন্ন করা হবে। |
| ৫. | কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | এনটিআরসিএ’র অভ্যন্তরীণ প্রশিক্ষণ ও অন্যান্য প্রশিক্ষণের বিষয়ে শিডিউল প্রণয়ন করা হয়েছে মর্মে সদস্য (প্র: অ:) জানান। | এনটিআরসিএ’র অভ্যন্তরীণ ও অন্যান্য প্রশিক্ষণ সমূহ যথাসময়ে শুরু ও নির্দেশিকা অনুযায়ী সম্পন্ন করতে হবে। |
| ৬. | এ পি এ বাস্তবায়নে প্রণোদন প্রদান | এ পি এ বাস্তবায়নে গুরুত্বপূর্ণ অবদানের জন্য ১-১০ গ্রেডের ১ জন কর্মকর্তাকে প্রণোদনা হিসেবে সনদ ও ক্রেস্ট প্রদানের বিষয়ে আলোচনা হয়। | এ পি এ বাস্তবায়নে গুরুত্বপূর্ণ অবদানের জন্য এ অর্থবছরের মে/জুন মাসে ১-১০ গ্রেডের ১ জন কর্মকর্তাকে সনদ ও ক্রেস্ট প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ৭. | বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | সদস্য (প্রশাসন ও অর্থ) জানান যে, বার্ষিক ক্রয় পরিকল্পনা হার্ড কপিতে অনুমোদন করা হয়েছে। ইজিপিতে বাস্তবায়নযোগ্য আইটেম সমূহের | বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুযায়ী কার্যক্রম শুরু করতে হবে। ইজিপিতে ক্রয়ের উদ্দেশ্যে প্রয়োজন |

| | | | |
|---|---|---|---|
| | | বার্ষিক ক্রয় পরিকল্পনা ইজিপিতে অনুমোদনের প্রক্রিয়া চলছে। | সিপিটিইউ'র মাধ্যমে আলোচনা করে ক্রয় কার্য বাস্তবায়ন করতে হবে। |
| ৮. | বাজেট বাস্তবায়ন, অডিট আপত্তি নিষ্পত্তি | সদস্য প্রশাসন ও অর্থ জানান বাজেট বাস্তবায়ন এবং অডিট আপত্তি নিষ্পত্তির জন্য কার্যক্রম চলমান আছে। | অডিট আপত্তির যথাযথ সংখ্যা, জবাব প্রেরণের সংখ্যা, নিষ্পত্তির সংখ্যা এবং ত্রিপক্ষীয় সভা আহবানের জন্য নথি উপস্থাপন করতে হবে। |
| ৯. | শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন, ইগভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন, অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা, সেবা প্রদান প্রতিশ্রুতির কর্মপরিকল্পনা, তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | সুশাসন ও সংস্কারমূলক নিম্নলিখিত ০৫টি কাজের অগ্রগতি বিষয়ে সভায় আলোচনা করা হয়। এ বিষয়ে সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট, অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা নির্ধারিত ব্যক্তিকে কাজসমূহ নিয়মিত তদারকি করার জন্য আলোচনা করা হয়। | সুশাসন ও সংস্কারমূলক উল্লেখিত ৫টি কাজের জন্য সংশ্লিষ্ট টিম, ফোকাল পয়েন্ট, অনিক প্রয়োজনে সভা করে অগ্রগতি নিয়মিত চেয়ারম্যানকে অবহিত করবেন। এপিএ'র পরবর্তী সভায় এ বিষয়ে অগ্রগতি পর্যালোচনা করা হবে। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩/৮/২০২১

মোঃ এনামুল কাদের খান
চেয়ারম্যান

স্মারক নম্বর: ৩৭.০৫.০০০০.০১১.১৩.০০১.২০.৭

তারিখ: ৮ ভাদ্র ১৪২৮
২৩ আগস্ট ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃ.আ. সিনিয়র সকারী সচিব (বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা)।

২। সদস্য (প্রশাসন ও অর্থ ), সদস্য (প্রশাসন ও অর্থ) এর দপ্তর, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)

৩। সদস্য (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন) , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)

৪। সদস্য (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান) (অতিরিক্ত দায়িত্ব), সদস্য (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
৫। সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিব এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
৬। পরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন), পরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
৭। পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান), পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
৮। উপপরিচালক (প্রশাসন ও অর্থ), উপপরিচালক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
৯। উপপরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন), উপপরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
১০। উপপরিচালক (পাঠ্যসূচি প্রণয়ন), পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
১১। সহকারী পরিচালক, প্রশাসন (যানবাহন) , উপপরিচালক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
১২। সহকারী পরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন-১), বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
১৩। সহকারী পরিচালক, প্রশাসন (HRM), উপপরিচালক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
১৪। সহকারী পরিচালক (শিক্ষা তত্ত্ব ও শিক্ষা মান-২) , উপপরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
১৫। সহকারী পরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন-৩), উপপরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
১৬। সহকারী পরিচালক (হি. নি.), উপপরিচালক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
১৭। সহকারী পরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন-২), উপপরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
১৮। সহকারী পরিচালক, প্রশাসন (সমন্বয়), উপপরিচালক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
১৯। সহকারী পরিচালক (শিক্ষা তত্ত্ব ও শিক্ষা মান-১) , উপপরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
২০। সহকারী পরিচালক, প্রশাসন (ক্রয় ও সেবা), উপপরিচালক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
২১। পি.এ টু চেয়ারম্যান , চেয়ারম্যান এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)

২৭/০৮/২০২১

মোঃ শাহীন আলম চৌধুরী
উপপরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান)